গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সমাজসেবা অধিদফতর**

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

www.dss.gov.bd

# আগামী ১২ ডিসেম্বর ২০১৯ 'ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯' উদ্‌যাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি: মোঃ আব্দুল্লাহ আল মামুন, যুগ্মসচিব ও মহাপরিচালক (ভারপ্রাপ্ত), সমাজসেবা অধিদফতর।

সভার স্থান: ২য় তলা, মেঘনা সভাকক্ষ, সমাজসেবা অধিদফতর।

তারিখ ও সময়: ২৬ অগ্রহায়ণ ১৪২৬ / ১১ ডিসেম্বর ২০১৯, বেলা ১২-০০ টা

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি আগামী ১২ ডিসেম্বর ২০১৯ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যেগে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদফতরের সহায়তায় তৃতীয় বারের মত 'ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯' যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদযাপনের বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও অর্থ) সমাজকল্যাণ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর উল্লেখযোগ্য অংশ উপস্থিত সকলকে অবহিত করেন। মহাপরিচালক জানান দিবস যথাযথভাবে উদযাপনের লক্ষ্যে আগামী ১২ ডিসেম্বর ২০১৯ তারিখ সকাল ০৭.০০ ঘটিকায় জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজা হতে খামারবাড়ী মোড় পর্যন্ত র‌্যালিতে সদর দফতরের সকল কর্মকর্তা ও কর্মচারীগণের উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করেন। সকল জেলা, উপজেলা ও প্রতিষ্ঠানসহ সকল কার্যালয়ে 'ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯' উপলক্ষে বিগত ১০ বৎসরের অর্জন সম্পর্কিত কার্যক্রম, প্রযুক্তি উদ্ভাবন ও সম্প্রসারণ ইত্যাদি বিষয়ে বিভিন্ন যোগাযোগ মাধ্যমে ও র‌্যালিতে তথ্যাদি প্রচারে বিষয়ে সভায় অভিমত দেন এবং সফলভাবে সকল কার্যাদী সুসম্পন্ন করার নিমিত্ত উপস্থিত সকলকে আলোচনায় অংশগ্রহণের আহবান জানান। বর্তমানে তথ্য-প্রযুক্তির ব্যবহারে বিবর্তনের সঙ্গে সঙ্গে যেমন নানা ক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তন এসেছে তেমনি এর নেতিবাচক প্রভাবকেও উপেক্ষা করার নয়। সামাজিক যোগাযোগ মাধ্যম আজ আমাদের জীবনে অনুষঙ্গ। সাইবারস্পেসে সত্য-মিথ্যা যাচাই না করে অনেকেই তথ্য আপলোড বা শেয়ার করে সমাজ ও রাষ্ট্র ব্যবস্থায় এর বিরুপ প্রভাব বিস্তারের অপচেষ্টা করছে। সেই বাস্তবতার আলোকে এবারের ডিজিটাল বাংলাদেশ দিবসের নিম্নরুপ প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে : "সত্য-মিথ্যার যাচাই আগে, ইন্টারনেটে শেয়ার পরে"। সভায় আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত ও অনুমোদিত হয়।

| বিষয়বস্তু ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. ব্যানার ও র‌্যালি: অভিন্ন ব্যানারে সমাজসেবা অধিদফতর, ঢাকা বিভাগ ও জেলার সকল কর্মকর্তা ও কর্মচারীসহ র‌্যালিতে অংশগ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। এছাড়া সকল বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে স্থানীয় প্রশাসন, স্বেচ্ছাসেবী সংস্থার সমন্বয়ে যথাযোগ্য মর্যাদায় র‌্যালিতে অংশগ্রহনসহ দিবসটি উদযাপন করবেন। উল্লেখ্য জেলা সংশ্লিষ্ট বিভাগ সংশ্লিষ্ট জেলার সাথে সমন্বয় করে একত্রে দিবস পালন করবেন। | সমাজসেবা অধিদফতর, ঢাকা বিভাগ ও জেলার সকল কর্মকর্তা ও কর্মচারীসহ ১২ ডিসেম্বর ২০১৯ তারিখ সকাল ০৭.০০ ঘটিকায় জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজা হতে খামারবাড়ী মোড় পর্যন্ত র‌্যালিতে সদর দফতরের সকল কর্মকর্তা ও কর্মচারীগণের উপস্থিতি নিশ্চিত করার জন্য প্রশাসন-১ ও ২ হতে পত্র দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। সকল বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে স্থানীয় প্রশাসন, স্বেচ্ছাসেবী সংস্থার সমন্বয়ে যথাযোগ্য মর্যাদায় র‌্যালিতে অংশগ্রহণসহ দিবসটি উদযাপন করবেন। উল্লেখ্য জেলা সংশ্লিষ্ট বিভাগ সংশ্লিষ্ট জেলার সাথে সমন্বয় করে একত্রে দিবস পালন করবেন। | পরিচালক (প্রশাসন ও অর্থ), উপজেলা, জেলা ও বিভাগীয় সমাজসেবা কার্যালয়(সকল), প্রকল্প পরিচালকগণ(সদর দফতর) ও সংশ্লিষ্ট সকল। |

<table>
<tr><th>বিষয়বস্তু ও আলোচনা</th><th>গৃহীত সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>২. ১০ বৎসরের অর্জন:<br>আগামী ১২ ডিসেম্বর ২০১৯ তারিখ সকাল ০৭.০০ ঘটিকায় জাতীয় সংসদভবনের দক্ষিন প্লাজা হতে খামারবাড়ী মোড় পর্যন্ত র‍্যালিতে সমাজসেবা অধিদফতরের বিগত ১০ বৎসরের অর্জন সম্পর্কিত কার্যক্রম, প্রযুক্তি উদ্ভাবন ও সম্প্রসারণ ইত্যাদি বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td><td>বিগত ১০ বৎসরের অর্জন সম্পর্কিত কার্যক্রম, প্রযুক্তি উদ্ভাবন ও সম্প্রসারণ ইত্যাদি বিষয়ে পোষ্টার ,প্ল্যাকার্ড ,ফেষ্টুন তৈরী করাসহ সমাজসেবা অধিদফতরের সকল ফেসবুক গ্রুপ এ প্রচার।</td><td>পরিচালক (কার্যক্রম/ প্রতিষ্ঠান/প্রশাসন ও অর্থ/ সামাজিক নিরাপত্তা), উপজেলা, জেলা ও বিভাগীয় সমাজসেবা কার্যালয়(সকল), প্রকল্প পরিচালকগণ(সদর দফতর)</td></tr>
<tr><td>৩. প্রচার<br>সমাজসেবা অধিদফতর আয়োজিত সকল অনুষ্ঠানের চিত্র সমাজসেবা অধিদফতরের সকল ফেসবুক গ্রুপ এ প্রচারের বিষয়ে আলোচনা হয়।</td><td>১২ ডিসেম্বর ২০১৯ তারিখ সকাল ০৭.০০ ঘটিকায় জাতীয় সংসদভবনের দক্ষিণ প্লাজা হতে খামারবাড়ী মোড় পর্যন্ত র‍্যালি হবে। ক্যামেরাই চিত্র ধারন করে সমাজসেবা অধিদফতরের সকল ফেসবুক গ্রুপ এ প্রচার করতে হবে।</td><td>উপপরিচালক (প্রকাশনা) ও সহকারী পরিচালক (গুদাম ও যাবাহন) ও সংশ্লিষ্ট সকল।)</td></tr>
<tr><td>৪. দিবসের প্রতিপাদ্য:<br>ডিজিটাল বাংলাদেশ দিবসের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে : -“সত্য-মিথ্যার যাচাই আগে, ইন্টারনেটে শেয়ার পরে” বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</td><td>ডিজিটাল বাংলাদেশ দিবসের নিম্নরুপ প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে : -“সত্য-মিথ্যার যাচাই আগে, ইন্টারনেটে শেয়ার পরে”। প্রতিপাদ্যটি বহুল প্রচার ও সর্ব সাধারণের অগ্রগতির জন্য সমাজসেবা অধিদফতরসহ সংশ্লিষ্ট সংস্থার ওয়েব সাইট, ফেইসবুক গ্রুপ, ব্যানার, ফেস্টুনের মাধ্যমে প্রচার এবং বিভাগ, জেলা ও উপজেলা সমাজসেবা কার্যালয়/ প্রতিষ্ঠানসমূহ প্রচারের ব্যবস্থা করবে।</td><td>পরিচালক (কার্যক্রম/ প্রতিষ্ঠান/প্রশাসন ও অর্থ/ সামাজিক নিরাপত্তা), প্রতিষ্ঠান প্রধান, উপজেলা, জেলা ও বিভাগীয় সমাজসেবা কার্যালয়(সকল), প্রকল্প পরিচালকগণ(সদর দফতর)</td></tr>
<tr><td>৫. আলোচনা সভা<br>জেলা ও উপজেলা পর্যায়ের সকল কার্যালয়/ প্রতিষ্ঠান এবং বেসরকারি এতিমখানার ক্যাপিটেশন গ্রান্ট প্রাপ্ত প্রতিষ্ঠানে ‘ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯’ সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয়।</td><td>জেলা ও উপজেলা পর্যায়ের সকল কার্যালয়/ প্রতিষ্ঠান এবং বেসরকারি এতিমখানার ক্যাপিটেশন গ্রান্ট প্রাপ্ত প্রতিষ্ঠানে ‘ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯’ সুষ্ঠুভাবে পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। উপপরিচালক, সহকারি পরিচালক, সমাজসেবা অফিসার ও প্রতিষ্ঠান প্রধানগণ ঐ দিন উপস্থিত থাকবেন এবং সরকার কর্তৃক গৃহীত কার্যক্রমে অংশগ্রহণ করবেন।</td><td>পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান/ সামাজিক নিরাপত্তা), বিভাগীয় পরিচালকবৃন্দ ও সংশ্লিষ্ট সকল</td></tr>
<tr><td>৬. অবহিতকরণ<br>‘ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯’ পালনের জন্য দেশের সকল বিভাগ ও জেলা সমাজসেবা কাযালয়কে অবহিতকরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td><td><table>
<tr><th>ক্র</th><th>দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</th><th>বিভাগ</th></tr>
<tr><td>১</td><td>জনাব মোঃ জুলফিকার হায়দার, পরিচালক (প্রশাসন ও অর্থ)</td><td>চট্টগ্রাম</td></tr>
<tr><td>২</td><td>জনাব মোঃ সাব্বির ইমাম, পরিচালক (সামাজিক নিরাপত্তা)</td><td>বরিশার</td></tr>
<tr><td>৩</td><td>জনাব গোলাম মোস্তফা, উপপরিচালক</td><td>রাজশাহী</td></tr>
<tr><td>৪</td><td>জনাব মোহাম্মদ রবিউল ইসলাম, উপপরিচালক (কার্যক্রম-১)</td><td>ঢাকা</td></tr>
<tr><td>৫</td><td>জনাব মোঃ আব্দুল হামিদ, উপপরিচালক</td><td>রংপুর</td></tr>
<tr><td>৬</td><td>বেগম সাঈদাআখ্তার,</td><td>ময়মনসিংহ</td></tr>
</table></td><td>পরিচালক (প্রশাসন ও অর্থ/ সামাজিক নিরাপত্তা), সংশ্লিষ্ট সকল উপপরিচালক</td></tr>
</table>

| বিষয়বস্তু ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| | (ক্রমিক নেই) উপপরিচালক (ভবঘুরে কার্যক্রম)<br>৭ — বেগম লামিয়া ইয়াসমিন, উপপরিচালক (চিকিৎসা ও প্রবেশন) — খুলনা<br>৮ — জনাব দেবব্রত দাস, উপপরিচালক — সিলেট | |
| **৭. সার্বিক ব্যবস্থাপনা**<br>সদর কার্যালয়, সমাজসেবা অধিদফতরসহ জেলা, উপজেলার সকল পর্যায়ে সার্বিক ব্যবস্থাপনার বিষয়ে আলোচনা হয়। | সার্বিক ব্যবস্থাপনার বিষয়ে পরিচালক (প্রশাসন ও অর্থ) এর নেতৃত্বে সভায় উপস্থিত সকল কর্মকর্তাগণকে সদস্য করে একক কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), বিভাগীয় পরিচালকবৃন্দ ও সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করা হয়।

১১/১২/২০১৯

মোঃ জুলফিকার হায়দার
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন : ৫৫০০৭০২২
ফ্যাক্স : ৯১৩৮৩৭৫
director-admin@dss.gov.bd

স্মারক নম্বর- ৪১.০১.০০০০.০২০.২৩.০১০.১২. ৬৪৯

তারিখ : ২৬ অগ্রহায়ণ ১৪২৬ / ১১ ডিসেম্বর ২০১৯

বিতরণ : কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক (সকল), বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ............................................................।
৩. জাতীয় প্রকল্প পরিচালক, Services for Children at Risk প্রকল্প, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
৪. প্রকল্প পরিচালক, দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য হোস্টেল নির্মাণ প্রকল্প, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৫. জাতীয় প্রকল্প পরিচালক, সিএসপিবি, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৬. কর্মসূচি পরিচালক, প্রতিবন্ধী সনাক্তকরণ জরিপ কর্মসূচি, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৭. কর্মসূচি পরিচালক, ভিক্ষাবৃত্তি নিরসন সেল, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৮. অতিরিক্ত পরিচালক (কার্যক্রম-১,২/পরিকল্পনা ও উন্নয়ন/প্রতিষ্ঠান) সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৯. অধ্যক্ষ/ উপপরিচালক (সকল)..............................................................................জাতীয় সমাজসেবা একাডেমি/ আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র/ সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
১০. উপপরিচালক (সকল), জেলা সমাজসেবা কার্যালয়, ...................................।
১১. সহকারী পরিচালক/সমমান ............................................ সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
১২. সমাজসেবা অফিসার/সমমান........................................ সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
১৩. জনাব/বেগম.......................................................................................................।

সদয় জ্ঞাতার্থে :

০১. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৩. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।